ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭০৬

খোয়াই, ১৫ মে, ২০২৫

**মুখ্যমন্ত্রী সামাজিক সহায়তা প্রকল্পের আওতায় খোয়াই জেলার ২,৮২৫ জন সুবিধাভোগী**

গত ২০২৪-২৫ অর্থবছরে খোয়াই জেলার ২,৮২৫ জন সুবিধাভোগীকে মুখ্যমন্ত্রী সামাজিক সহায়তা প্রকল্পের আওতায় আনা হয়েছে। এরমধ্যে খোয়াই ব্লক এলাকার ৩৩৩ জন, তুলাশিখর ব্লক এলাকার ৪২৫ জন, পদ্মবিল ব্লক এলাকার ৪২৫ জন, খোয়াই পুর পরিষদ এলাকার ৯২ জন, কল্যাণপুর ব্লক এলাকার ৫৫০ জন, তেলিয়ামুড়া ব্লক এলাকার ৪৩১ জন, তেলিয়ামুড়া পুর পরিষদ এলাকার ১১৯ জন এবং মুঙ্গিয়াকামী ব্লক এলাকার ৪৫০ জন সুবিধাভোগীকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই প্রকল্পে প্রত্যেক সুবিধাভোগীকে ২০০০ টাকা করে সহায়তা প্রদান করা হচ্ছে। খোয়াই জেলা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা কার্যালয়ের জেলা আধিকারিক সুজিত দাস এই সংবাদ জানিয়েছেন।

*****